279.8.B.22

8.J.3
279.
8. B. 22

Sanskrit

The S'lokas of Cháṇakya Slokas with the Bengali translation

# চাণক্যশ্লোক।

সাধারণের বোধার্থ বঙ্গভাষায় পদ্যচ্ছন্দে

অনুবাদিত।

---

কলিকাতা

কলিকাতা নিউ প্রেসে মুদ্রিত।

এই পুস্তক গ্রহণেচ্ছু মহাশয়েরা কলিকাতা হোগলকুড়িয়ার
হরি ঘোষের ষ্ট্রীটের ৪ সংখ্যক ভবনে উক্ত
যন্ত্রালয়ে পাইবেন।

১২৬১

# বিজ্ঞাপন।

চানক্যশ্লোক এতদ্দেশীয় সকল পাঠশালায় ব্যবহৃত হইয়া থাকে। এবং ইহা সর্ব্বত্র ব্যবহৃত হওয়াই উচিত বটে, কেননা এই সকল শ্লোক যে প্রকার নীতিপূর্ণ এরূপ শ্লোক আর প্রায় দেখা যায় না। কিন্তু ইহা শিশুবোধ নামক গ্রন্থের মধ্যে অত্যন্ত কদর্য্যরূপে মুদ্রিত হওয়াতে বিশিষ্ট রূপে তাহার রসাস্বাদন হয় না। অতএব পরিপাটীরূপে তাহা মুদ্রিত করা গেল। মূল্য /৫ মাত্র।

---

*Printed by Gopal Chunder Chuckerbutty.*

# চাণক্যশ্লোক।

নানাশাস্ত্রোদ্ধৃতং বক্ষ্যে রাজনীতিসমুচ্চয়ং।
সর্ব্ববীজমিদং শাস্ত্রং চাণক্যং সারসংগ্রহং ॥

নানাবিধ শাস্ত্রহতে করিয়ে উদ্ধার। রাজনীতি সমস্ত কহিব আমি সার॥ সকলের বীজশাস্ত্র চাণক্য রচিত। শ্রীসারসংগ্রহ নামে জগতে বিদিত॥

মূলসূত্রং প্রবক্ষ্যামি চাণক্যেন যথোদিতং।
যস্য বিজ্ঞানমাত্রেণ মূর্খো ভবতি পণ্ডিতঃ॥

যে প্রকার কহিলেন চাণক্য পণ্ডিত। সেই মত মূলসূত্র কহিব নিশ্চিত॥ যাহা জ্ঞাত হবা মাত্র জ্ঞাত হয় নীত। মূর্খের মূর্খত্ব যায় সে হয় পণ্ডিত॥

---

বিদ্বত্ত্বঞ্চ নৃপত্ত্বঞ্চ নৈব তুল্যং কদাচন।
স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে॥১॥

বিদ্যাবান আর রাজা না হয় সমান। স্বদেশে নৃপতি পূজ্য সর্ব্বত্র বিদ্বান॥ ১॥

পণ্ডিতে চ গুণাঃ সর্ব্বে মূর্খে দোষা হি কেবলং।
তস্মান্মূর্খসহস্রেষু প্রাজ্ঞ একো বিশিষ্যতে॥২॥

পণ্ডিত জনেতে সর্ব্ব গুণ বর্ত্তমান। মূর্খ লোক কেবল অশেষ দোষ স্থান॥ যদ্যপি সহস্র মূর্খ থাকে এক স্থান। তথাপি না হয় এক পণ্ডিত সমান॥ ২॥

মাতৃবৎ পরদারেষু পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ।
আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ॥ ৩

পরস্ত্রীকে যাহার জননী সমজ্ঞান। পরধন জ্ঞান করে লোষ্ট্রের সমান॥ সকল প্রাণিকে দেখে আপনার মত। সেই সে পণ্ডিত হয় শাস্ত্রের সম্মত॥ ৩॥

কিং কুলেন বিশালেন গুণহীনস্তু যো নরঃ।
অকুলীনোঽপি শাস্ত্রজ্ঞো দৈবতৈরপি পূজ্যতে॥৪

কি করিবে কুলে তার বিদ্যা নাহি যার। বিদ্যাবান অকুলীন মান্য দেবতার॥ ৪॥

রূপযৌবনসম্পন্না বিশালকুলসম্ভবাঃ।
বিদ্যাহীনা ন শোভন্তে নির্গন্ধা ইব কিংশুকাঃ॥৫

যদি রূপবান যুবা অত্যন্ত কুলীন। তথাপি শোভিত নহে হলে বিদ্যাহীন॥ যেমন পলাশ পুষ্প দেখিতে সুন্দর। গন্ধবিনা কেবা তার করে সমাদর॥ ৫॥

নক্ষত্রভূষণং চন্দ্রো নারীণাং ভূষণং পতিঃ।
পৃথিবীভূষণং রাজা বিদ্যা সর্ব্বস্য ভূষণং॥ ৬॥

ভূষা করে নক্ষত্রগণেরে সুধাকর। রমণীর পতি মাত্র অতি শোভাকর। পৃথিবীর ভূষণ ভূপতি অতিশয়। সর্ব্বের ভূষণ বিদ্যা বিদ্যাবানে কয়॥ ৬॥

মাতা শত্রুঃ পিতা বৈরী যেন বালো ন পাঠিতঃ।
সভামধ্যে ন শোভন্তে হংসমধ্যে বকো যথা। ৭।

মাতা হন শত্রুবত পিতা বৈরি প্রায়। যাহারা আপন পুত্রে বিদ্যা না শিখায়॥ মূর্খ পুত্র সভামধ্যে শোভা নাহি পায়। যেমন বকের দশা হংসের সভায়॥ ৭॥

বরমেকো গুণী পুত্রো ন চ মূর্খশতৈরপি।
একশ্চন্দ্রস্তমো হন্তি নচ তারাগণৈরপি॥ ৮॥

গুণবান্ এক পুত্র সেহ আনন্দিত। মূর্খ শত পুত্রে কার্য্য না হয় কিঞ্চিত॥ এক চন্দ্র জগতের অন্ধকার হরে। লক্ষ লক্ষ তারা দেখ কি করিতে পারে॥ ৮॥

লালয়েৎ পঞ্চবর্ষাণি দশবর্ষাণি তাড়য়েৎ।
প্রাপ্তেতু ষোড়শে বর্ষে পুত্রং মিত্রবদাচরেৎ। ৯॥

করিবেক পঞ্চবর্ষ পর্য্যন্ত লালন। নিজপুত্রে দশবর্ষ পর্য্যন্ত তাড়ন॥ হইলে ষোড়শ বর্ষ বয়ঃক্রম তার। করিবেক পুত্র সহ মিত্র ব্যবহার॥ ৯॥

লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ।
তস্মাৎ পুত্রঞ্চ শিষ্যঞ্চ তাড়য়েন্নতু লালয়েৎ ১০॥

বহু দোষ জন্মে অতি করিলে লালন। বহু গুণ লব্ধ হয় করিলে তাড়ন॥ সেই হেতু পুত্র আর শিষ্য উভয়েরে। তাড়ন করিবে সদা লালন না কর্য়ে॥ ১০॥

একেনাপি সুবৃক্ষেণ পুষ্পিতেন সুগন্ধিনা।
বাসিতং তদ্বনং সর্ব্বং সুপুত্রেণ কুলং যথা। ১১

যে বনে সুবৃক্ষ থাকে সুগন্ধে পুষ্পিত। সর্ব্ববন করে তার গন্ধে আমোদিত॥ বংশেতে সুপুত্র যদি জন্মে এক জন। সে বংশ উজ্জ্বল হয় তাহার কারণ। ১১।

একেনাপি কুবৃক্ষেণ কোঠরস্থেন বহ্নিনা।
দহ্যতে তদ্বনং সর্ব্বং কুপুত্রেণ কুলং যথা। ১২।

কাননে নীরস বৃক্ষ জন্মে কুলক্ষণ। কোঠরে লাগিয়ে বহ্নি দহে সর্ব্ববন॥ বংশেতে কুপুত্র যদি জন্মে কুলাঙ্গার। তার দোষে হয় সেই বংশের সংহার। ১২

দূরতঃ শোভতে মূর্খো লম্বশাটপটাবৃতঃ।
তাবচ্চ শোভতে মূর্খো যাবৎকিঞ্চিন্ন ভাষতে।১৩

দূর হতে শোভে মূর্খ বসনে ভূষিত। যাবত না কহে কথা সভাতে কিঞ্চিত। ১৩।

বিষাদপ্যমৃতং গ্রাহ্যমমেধ্যাদপি কাঞ্চনং।
নীচাদপ্যুত্তমাং বিদ্যাং স্ত্রীরত্নংদুষ্কুলাদপি। ১৪

বিষ হতে করিবেক অমৃত গ্রহণ। কুস্থান হইতে তুলে লইবে কাঞ্চন॥ নীচ হতে ভালবিদ্যা শিখিবে সুজন। দুষ্টকুল হতে লবে স্ত্রীরত্ন শোভন॥ ১৪॥

উৎসবে ব্যসনেচৈব দুর্ভিক্ষে শত্রুবিগ্রহে।
রাজদ্বারে শ্মশানেচ যঃতিষ্ঠতি স বান্ধবঃ। ১৫।

রাজদ্বারে শ্মশানেতে সহায় যে হয়। দুর্ভিক্ষেতে আর শত্রু যুদ্ধের সময়॥ বিপদে বিপদ জ্ঞান উৎসবে উৎসব। যাহার সমান জ্ঞান সেই সে বান্ধব॥ ১৫॥

পরোক্ষে কার্য্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনং।
বর্জ্জয়েত্তাদৃশং মিত্রং বিষকুম্ভংপয়োমুখং। ১৬।

অসাক্ষাতে কার্য্যনাশ করে যেই জন। সম্মুখেতে কহে প্রিয় মধুর বচন॥ বিষে পরিপূর্ণ কুম্ভ মুখে মাত্র ক্ষীর। এমন দুর্জ্জন মিত্র ত্যজিবেক ধীর॥ ১৬॥

সকৃদ্দুষ্টঞ্চ মিত্রং যঃ পুনঃ সন্ধাতুমিচ্ছতি।
স মৃত্যুমুপগৃহ্লাতি গর্ভমশ্বতরী যথা। ১৭

একবার যার সঙ্গে হয়েছে শক্রুতা। পুন তার সঙ্গে করে যে জন মিত্রতা। আপনার মৃত্যু সে আপনি করে হাতে। অশ্বতরী গর্ভধরে আপনা নাশিতে। ১৭।

ন বিশ্বসেদবিশ্বস্তং মিত্রঞ্চাপি ন বিশ্বসেৎ।

কদাচিৎকুপিতংমিত্রংসর্ব্বদোষং প্রকাশয়েৎ।১৮

অবিশ্বস্ত জনেরে বিশ্বাস না করিবে। মিত্রকেও বিশ্বাসের কথা না কহিবে॥ কি জানি কখন যদি মিত্র রুষ্ট হয়। গুপ্ত দোষ প্রকাশিয়ে প্রমাদ ঘটায়॥ ১৮

জানীয়াৎ প্রেষণে ভৃত্যান্ বান্ধবান্ ব্যসনাগমে।

মিত্রঞ্চাপদকালেচ ভার্য্যাঞ্চ বিভবক্ষয়ে। ১৯ ॥

কর্ম্মকালে জানিবে ভৃত্যের ব্যবহার। বন্ধুর পরীক্ষা লবে দুঃখ কালে আর॥ বিপদেতে জানিবেক মিত্রের মিত্রতা। ধনক্ষয়ে জানিবে ভার্য্যার আত্মীয়তা॥ ১৯

উপকারগৃহীতেন শত্রুণা শত্রুমুদ্ধরেৎ।

পাদলগ্নং করস্থেন কণ্টকেনৈব কণ্টকং। ২০

উপকারে বশ এক শক্রুকে করিবে। তাহার দ্বারায় অন্য শক্রুকে বধিবে॥ যেমন কণ্টক এক করেতে ধরিয়ে। পাদ বিদ্ধ কণ্টকেরে খোলে তাহা দিয়ে॥ ২০

ন কশ্চিৎ কস্যচিন্মিত্রং নকশ্চিৎ কস্যচিদ্রিপুঃ।

কারণে নহি জানাতি মিত্রানি চ রিপুংস্তথা॥ ২১

কোন জন নহে কোন জনের বান্ধব। কোন জন নহে কোন জনের শাত্রব॥ কর্ম্মেতে প্রকাশ হয় শাত্রব বান্ধব। বিবেচনা করিয়া করহ অনুভব॥ ২১

দুর্জ্জনঃ প্রিয়বাদী চ নৈব বিশ্বাসকারণং।

মধু তিষ্ঠতি জিহ্বাগ্রে হৃদয়ে তু হলাহলং॥ ২২

দুর্জ্জন যদ্যপি কহে মধুর বচন। তথাপি কখন নহে বিশ্বাস কারণ॥ দুর্জ্জনের জিহ্বা অগ্রে হয় মধুময়। বিষম সে বিষময় তাহার হৃদয়। ২২

দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো বিদ্যায়ালঙ্কৃতোঽপি সঃ।
মণিনা ভূষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ঙ্করঃ॥ ২৩

দুর্জ্জন যদ্যপি হয় বিদ্যা বিভূষিত। তথাপি তাহাকে ত্যাগ করণ উচিত॥ শোভা করে যে সর্পের মস্তকে মাণিক। তাহা হতে ভয় হয় বরঞ্চ অধিক॥ ২৩

সর্পক্রূরঃ খলঃ ক্রূরঃ সর্পাৎ ক্রূরতরঃ খলঃ।
মন্ত্রৌষধিবশঃ সর্পঃ খলঃ কেন নিবার্য্যতে॥ ২৪

সর্প দুষ্ট খল দুষ্ট দুষ্ট দুই জন। সর্প হতে খল দেখ অধিক দুর্জ্জন॥ ঔষধি মন্ত্রেতে বশ হয় ভুজঙ্গম। খলকে করিতে বশ নাহি কোন ক্রম॥ ২৪

নদীনাঞ্চ নখিনাঞ্চ শৃঙ্গিণাং শস্ত্রপাণিনাং।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ স্ত্রীষু রাজকুলেষুচ॥ ২৫

নদীকে বিশ্বাস না করিবে কদাচন। নখী আর শৃঙ্গধারী অবিশ্বাসী হন॥ অস্ত্রধারি অবিশ্বাসি নিকটে না যাবে॥ নারীকে রাজাকে নাহি বিশ্বাস করিবে॥ ২৫

হস্তী হস্ত সহস্রেণ শতহস্তেন বাজিনঃ।
শৃঙ্গীণো দশ হস্তেন স্থান ত্যাগেন দুর্জ্জনঃ॥ ২৬

যাইবে সহস্র হস্ত অন্তরে হস্তির। ঘোটকের শত হস্ত দূরে যাবে ধীর॥ দশ হাত দূরে রাখি যাইবে শৃঙ্গিরে। স্থান ত্যাগ করিয়ে ত্যজিবে দুর্জ্জনেরে॥ ২৬

আপদার্থং ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি॥ ২৭

আপদের হেতু ধন করিবে সঞ্চয়। সে ধনেতে পত্নীরক্ষা করিবে নিশ্চয়॥ আত্মারক্ষা করিবেক সর্ব্বথা প্রকারে। পত্নী কিম্বা ধন দ্বারা যে প্রকারে পারে॥ ২৭

পরদারং পরদ্রব্যং পরিবাদং পরস্যচ।

পরিহাসংগুরোঃস্থানে চাপল্যঞ্চ বিবর্জ্জয়েৎ॥২৮

পরদার পরদ্রব্য পর পরিবাদ। পরিত্যাগ করিবেক নতুবা প্রমাদ॥ গুরুলোক সম্মুখে চাপল্য পরিহাস। যে করে তাহারে করে লোকে উপহাস॥ ২৮

ত্যজেদেকং কুলস্যার্থে গ্রামস্যার্থে কুলংত্যজেৎ।

গ্রামংজনপদস্যার্থে আত্মার্থে পৃথিবীন্ত্যজেৎ। ২৯

কুলরক্ষা করিতে ত্যজিবে একজন। গ্রাম রক্ষা হেতু কুল ত্যজে বিচক্ষণ॥ দেশের কল্যাণ হেতু গ্রাম ত্যজিবেক। পৃথিবী ত্যজিয়ে আত্মা রক্ষা করিবেক॥ ২৯

চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্।

মাসমীক্ষ্য পরং স্থানং পূর্ব্বমায়তনংত্যজেৎ॥৩০

এক পায়ে গমন করিবে বুদ্ধিমান। আর পায়ে থাকিয়ে করিবে অনুমান॥ একস্থান নিশ্চয় না করি পূর্ব্বস্থান। পরিত্যাগ না করিবে এই সে বিধান॥ ৩০

লুব্ধমর্থেন গৃহ্লীয়াৎ ক্রুদ্ধমঞ্জলি কর্ম্মণা।

মূর্খং ছন্দোনুবৃত্তেন তথা সত্যেন পণ্ডিতং॥৩১

লোভিকে করিবে বশীভূত ধন দিয়ে। ক্রোধিকে আনিবে বশে বিনয় করিয়ে॥ মূর্খেরে সাধিবে তার মত কদাচারে। পণ্ডিতে করিবে বশ সত্য ব্যবহারে॥ ৩১

অর্থনাশং মনস্তাপং গৃহে দুশ্চরিতানি চ।

বঞ্চনঞ্চাপমানঞ্চ মতিমান্ ন প্রকাশয়েৎ। ৩২।

অর্থনাশ মনস্তাপ গৃহছিদ্র আর। বঞ্চনাপমান যদি হয় আপনার॥ বুদ্ধিমান ইহা নাহি করিবে প্রকাশ। গোপনে রাখিবে সদা নহে উপহাস॥ ৩২

ধনধান্যপ্রয়োগেষু তথা বিদ্যাগমেষু চ।
আহারে ব্যবহারে চ ত্যক্তলজ্জঃ সদা ভবেৎ।৩৩

ধন ধান্য আদান প্রদান কর্ম্ম আর। বিদ্যাশিক্ষা আর যে আহার ব্যবহার॥ ইহাতে করিলে লজ্জা হয় অপচয়। এই হেতু লজ্জাহীন হইবে নিশ্চয়॥ ৩৩

ধনিনঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ।
পঞ্চ যত্র ন বিদ্যন্তে তত্র বাসং ন কারয়েৎ। ৩৪।

নদী আর ক্ষত্রী রাজা নদী কবিরাজ। এই পঞ্চ নাহি থাকে যে গ্রামের মাঝ॥ সে গ্রামে নিবাস না করিবে শিষ্টজন। নিবাসে বিনাশ ঘটে শাস্ত্রের লিখন॥ ৩৪

যস্মিন্ দেশে ন সম্মানং ন প্রীতির্ন চ বান্ধবাঃ।
ন চ বিদ্যাগমঃ কশ্চিত্তদ্দেশং পরিবর্জ্জয়েৎ। ৩৫

যে দেশে বান্ধব নাই আর নাহি মান। প্রীতি নাহি আর নাহি কোন বিদ্যাস্থান॥ সে দেশে বসতি ত্যাগ করিবেক ধীর। রাজনীতি শাস্ত্রমতে করিলাম স্থির॥ ৩৫

মনসা চিন্তিতং কর্ম্ম বচসা ন প্রকাশয়েৎ।
অন্যলক্ষিতকার্য্যস্য যতঃ সিদ্ধির্নজায়তে। ৩৬

মনেতে করিবে কার্য্য না কবে কথায়। অন্যেতে জানিলে কর্ম্ম সিদ্ধ নাহি পায়॥ ৩৬

কুদেশঞ্চ কুবৃত্তিঞ্চ কুভার্য্যাং কুনদীং তথা।
কুদ্রব্যঞ্চ কুভোজ্যঞ্চ বর্জ্জয়েচ্চ বিচক্ষণঃ। ৩৭।

কুদেশে বসতি আর কুবৃত্তি করণ। কুনদীতে স্নান আর কুভার্য্যা গমন॥ কুদ্রব্য গ্রহণ আর কুভক্ষ ভক্ষণ। না করিবে এই কয় কর্ম্ম বিচক্ষণ॥ ৩৭

ঋণশেষোঽগ্নি শেষশ্চ ব্যাধিশেষস্তথৈব চ।
পুনশ্চবর্দ্ধতে যস্মাত্তস্মাৎ শেষঞ্চ কারয়েৎ। ৩৮

নিঃশেষ করিবে ঋণ অগ্নি আর ব্যাধি। কি জানি আপদ ঘটে পুন বাড়ে যদি॥ ৩৮

চিন্তাজ্বরো মনুষ্যাণাং বস্ত্রাণামাতপো জ্বরঃ।
অসৌভাগ্যং জ্বরঃস্ত্রীণামশ্বানাং মৈথুনং জ্বরঃ।৩৯

চিন্তা হয় মনুষ্যের জ্বরের সমান। রৌদ্রেতে জ্বরের ন্যায় বস্ত্র নাশ পান॥ শৃঙ্গারেতে শক্তিহীন ঘোটকের জ্বর। জ্বরসম সদা সতী বিধবা কাতর॥ ৩৯

অস্তি পুত্রো বশে যস্য ভৃত্যো ভার্য্যা তথৈব চ।
অভাবে সতি সন্তোষঃস্বর্গস্থোঽসৌ মহীতলে।৪০

পুত্র যার বশে থাকে ভার্য্যা সেইমত। আজ্ঞাবহ ভৃত্য হয় সদা অনুগত॥ যদ্যপি না থাকে ধন তথাপি সন্তোষী। কেবল ভূমিতে আছে সেই স্বর্গবাসী॥ ৪০

দুষ্টাভার্য্যা শঠং মিত্রং ভৃত্যশ্চোত্তরদায়ক।
সসর্পেচ গৃহে বাসো মৃত্যুরেব ন সংশয়ঃ॥ ৪১

ভার্য্যা দুষ্টমতি যার শঠ মিত্র হয়। আর ভৃত্য সমান উত্তর যদি কয়॥ যে ঘরে ভুজঙ্গ থাকে সেই ঘরে বাস। মরণ নিশ্চয় তার জীবনে নিরাশ॥ ৪১

মাতা যস্য গৃহে নাস্তি ভার্য্যা চাপ্রিয়বাদিনী।
অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহং॥ ৪২

মাতা যার গৃহে নাই আর নিজ দারা। কহে সে অপ্রিয় কথা নিতান্ত প্রখরা॥ উপযুক্ত বনমধ্যে গমন তাহার। তার ঘর বনস্থল সম ব্যবহার॥ ৪২

ঋণকর্ত্তা পিতা শত্রুর্মাতাশত্রুর্দ্বিচারিণী।
ভার্য্যা রূপবতী শত্রুঃ পুত্রঃ শত্রু রপণ্ডিতঃ॥ ৪৩

ঋণ করে যান মরে পিতা শত্রু গণি। মাতা শত্রু সম হন যদি দ্বিচারিণী॥ রূপবতী ভার্য্যা শত্রু সদা শঙ্কা হয়। আপন সন্তান মূর্খ শত্রু অতিশয়॥ ৪৩

কোকিলানাং স্বরো রূপং নারীরূপং পতিব্রতা।
বিদ্যা রূপং কুরূপাণাং ক্ষমা রূপং তপস্বিনাং॥ ৪৪

কোকিলের নাহি রূপ তার রূপ স্বর। পতিভক্তি অবলার রূপ মনোহর॥ কুরূপ জনের রূপ বিদ্যা যদি হয়। তপস্বি জনের রূপ ক্ষমাই নিশ্চয়॥ ৪৪

অবিদ্যাজীবনং শূন্যং দিক্‌শূন্যান বান্ধবা।
পুত্রহীনং গৃহং শূন্যং সর্ব্বশূন্যং দরিদ্রতা॥ ৪৫

অবিদ্য জীবন শূন্য বুদ্ধি নাই ঘটে। বন্ধুহীন যে দিক সে দিক শূন্য বটে॥ পুত্রহীন গৃহশূন্য অন্ধকার দেখে। দারিদ্রের সর্ব্ব শূন্য সর্ব্ব শাস্ত্রে লেখে॥ ৪৫

অদাতা বংশদোষেণ কর্ম্মদোষাদ্দরিদ্রতা।
উন্মাদো মাতৃদোষেণ পিতৃদোষেণ মূর্খতা॥ ৪৬

পুরুষ অদাতা হয় নিজবংশ দোষে। কর্ম্মদোষে ধনহীন ভ্রমে নানা দেশে॥ মাতৃ দোষে শিশু নষ্ট না করে পালন। পিতৃদোষে পুত্র মূর্খ না করে তাড়ন॥ ৪৬

গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ।
পতিরেকো গুরুঃস্ত্রীণাংসর্ব্বত্রাভ্যাগতোগুরুঃ॥ ৪৭

ব্রাহ্মণের গুরু অগ্নি শাস্ত্রে নিরূপণ। সকল বর্ণের গুরু কেবল ব্রাহ্মণ॥ স্ত্রীলোকের গুরু হয় পতি আপনার। অতিথি আইলে গুরু হন সবাকার॥ ৪৭

অতি দর্পে হতা লঙ্কা অতি মানে চ কৌরবাঃ।
অতি দানে বলির্ব্বদ্ধঃ সর্ব্ব মত্যন্তগর্হিতং॥ ৪৮

অতি দর্পে নষ্ট হল লঙ্কার রাবণ। অতিমানে সবংশে মরিল দুর্য্যোধন॥ অতিদানে বলির পাতালে হল ঠাঞি। অতিশয় কোন কর্ম্ম না করিহ ভাই॥ ৪৮

বস্ত্রহীনস্ত্বলঙ্কারো ঘৃতহীনঞ্চ ভোজনং।
স্তনহীনা চ যা নারী বিদ্যাহীনঞ্চ জীবনং॥ ৪৯

বস্ত্র নাই অলঙ্কারে কিবা শোভা হয়। গব্যরস বিহীন ভোজন কিছু নয়॥ বিদ্যাহীন লোকের জীবনে কিবা আশ। স্তনহীনা যেই নারী তারে উপহাস॥ ৪৯

ভোজ্যং ভোজনশক্তিশ্চ রতিশক্তির্ব্বরাঃ স্ত্রিয়ঃ।
বিভবো দানশক্তিশ্চ নাল্পস্য তপসঃ ফলং॥ ৫০

খাদ্য দ্রব্য যথেষ্ট ভোজনশক্তি তত। রতি শক্তি আর প্রিয় ভার্য্যা অনুগত॥ দান শক্তি অতুল ঐশ্বর্য্য এই ছয়। অনেক তপস্যা বিনা কারো নাহি হয়॥ ৫০

পুত্র প্রয়োজনা দারাঃ পুত্রঃপিণ্ডপ্রয়োজনঃ।
হিতপ্রয়োজনং মিত্রং ধনং সর্ব্বপ্রয়োজনং॥ ৫১

ভার্য্যা ইচ্ছা করিবেক পুত্রের কারণ। পিণ্ডদান মাত্র সুপুত্রের প্রয়োজন॥ মিত্র প্রয়োজন এই করিবেক হিত। সর্ব্ব প্রয়োজন সিদ্ধি ধনেতে নিশ্চিত॥ ৫১

দুর্লভং প্রাকৃতং বাক্যং দুর্লভঃ পুত্র পণ্ডিতঃ।
দুর্লভা সদৃশী ভার্য্যা দুর্লভঃ স্বজনঃ প্রিয়ঃ॥ ৫২

দুর্লভ সদর্থ বাক্য সর্ব্ব মনোহর। বহুদুঃখে লভ্য হয় পুত্র গুণাকর॥ আপন সমান ভার্য্যা দুর্লভ ভূতলে। হিতকারী প্রিয় বন্ধু অতি দুঃখে মিলে॥ ৫২

শৈলে শৈলে ন মাণিক্যং মৌক্তিকংন গজেগজে।
সাধবো নহি সর্ব্বত্র চন্দনং ন বনে বনে॥ ৫৩

পর্ব্বতে২ নাহি মিলয়ে মাণিক। হস্তিতে২ কোথা পাইবে মৌক্তিক॥ সর্ব্বত্রে না পাওয়া যায় দেখ সাধুজন। বনে২ নাহি থাকে কখন চন্দন॥ ৫৩

অশোচ্যো নির্দ্ধনঃপ্রাজ্ঞোঽশোচ্যঃ পণ্ডিতবান্ধবঃ
অশোচ্যা বিধবা নারী পুত্রপৌত্রপ্রতিষ্ঠিতাঃ॥ ৫৪

পণ্ডিত নির্দ্ধন যদি তবু সে উত্তম। বন্ধু যদি পণ্ডিত সে অতি অনুপম॥ পুত্র পৌত্রবতী নারী বিধবা যদ্যপি। তাহারে দেখিয়ে খেদ না হয় তথাপি॥ ৫৪

অবিদ্যঃ পুরুষো শোচ্যঃ শোচ্যংমৈথুনমপ্রজং।
নিরাহারাঃপ্রজাশোচ্যাঃশোচ্যংরাজ্যমরাজকং৫৫

বিদ্যাহীন পুরুষ দেখিয়ে খেদ হয়। সে মৈথুন বিফল সন্তান যাতে নয়। হয় শোক প্রজালোক দেখিয়ে নির্দ্ধন। অরাজক দেখে দেশ ক্লেশ পায় মন। ৫৫

কুলীনৈঃসহসম্পর্কং পণ্ডিতৈঃসহমিত্রতাং।
জ্ঞাতিভিশ্চ সমং মেলং কুর্ব্বাণো নবিনশ্যতি ৫৬

কুলীনের সহিত সম্বন্ধ আছে যার। পণ্ডিতের সহ যে মিত্রতা করে আর। জ্ঞাতিগণ সহ থাকে যাহার মিলন। তাহার বিনাশ নাহি হয় কদাচন। ৫৬

কষ্টবৃত্তিঃ পরাধীনাঃ কষ্টো বাসো নিরাশ্রয়ঃ।
নির্দ্ধনো ব্যবসায়শ্চ সর্ব্বকষ্ট দরিদ্রতা॥ ৫৭

পরাধীন জীবনেতে অতি কষ্ট হয়। নিরাশ্রয় নিবাসেতে কষ্ট অতিশয়। কষ্ট পায় করিলে নির্দ্ধন ব্যবসায়। সকল প্রকার কষ্ট দরিদ্রতা হয়। ৫৭

তস্করস্য কুতোধর্ম্মো। দুর্জ্জনস্য কুতঃক্ষমা।
বেশ্যানাঞ্চ কুতঃস্নেহঃ কুতঃ সত্যঞ্চকামিনাং।৫৮

চৌর্য্যবৃত্তি যে করে তাহার ধর্ম্ম কোথা। দুর্জ্জনের ক্ষম নাহি কেবল খলতা। উপপতি প্রতি বেশ্যা কোথা করে স্নেহ। কামুকের সত্য বাক্য নাহি শুনে কেহ। ৫৮

প্রেষিতস্য কুতো মানঃ কোপনস্য কুতঃ সুখং।
স্ত্রীণাং কুতঃ সতীত্বঞ্চ কুতঃ প্রীতিঃ খলস্যচ॥৫৯

পরের সেবক যে তাহার কোথা মান। রাগিলোক কোন স্থানে সুখ নাহি পান। স্ত্রীলোকের সতীত্ব জগতে কোথা রয়। কার সঙ্গে থাকে দেখ খলের প্রণয়। ৫৯

দুর্ব্বলস্য বলংরাজা বালানাং রোদনং বলং।
বলং মূর্খস্য মৌনিত্বং চৌরাণামনৃতং বলং॥ ৬০

দুর্ব্বল প্রজার বল রাজা সে কেবল। রোদন কেবল ক্ষুদ বালকের বল। মৌনী হয়ে থাকা মাত্র বল সে মূর্খের। মিথ্যা কথা মাত্র বল আছয়ে চোরের। ৬০

যোধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবং পরিসেবতে।
ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব চ॥ ৬৩

নিশ্চিত বিষয় ত্যাগ করিয়ে যে জন। অনিশ্চিত বিষয়েতে করে আকিঞ্চন। নষ্ট হয় তাহার যে নিশ্চিত বিষয়। অনিশ্চিত বিষয়েরো চেষ্টা মিথ্যা হয়। ৬১

শুষ্কং মাংসং স্ত্রীয়ো বৃদ্ধা বালার্কস্তরুণং দধি।
প্রভাতে মৈথুনং নিদ্রা সদ্যঃ প্রাণহরাণিষট্॥৬২

শুষ্কমাংস আর বৃদ্ধা নারী সহ রতি। শরৎ কালীন রৌদ্র দধি অম্ল অতি। প্রভাতে মৈথুন আর নিদ্রা এই ছয়। শীঘ্র প্রাণ হরণ করয়ে এ নিশ্চয়। ৬২

সদ্যো মাংসং নবান্নঞ্চ বালা স্ত্রী ক্ষীরভোজনং।
ঘৃতমুষ্ণোদকঞ্চৈব সদ্যঃ প্রাণকরাণি ষট্॥ ৬৩

সদ্য মাংস আর অন্ন নবীন কোমল। সদ্য ঘৃত আর দুগ্ধ অল্প উষ্ণ জল। বালিকা রমণী সহ রতি এই ছয়। যে করে সেবন তার আয়ু বৃদ্ধি হয়। ৬৩

সিংহাদেকং বকাদেকং ষট্ শুনস্ত্রীণি গর্দ্দভাৎ।
বায়সাৎ পঞ্চ শিক্ষেচ্চ চত্বারি কুক্কুটাদপি॥ ৬৪

সিংহ হতে এক বিদ্যা বক হতে এক। কুক্কুর হইতে ছয় বিদ্যা শিখিবেক। গর্দ্দভের কাছে শিখিবেক পাঁচ গুণ। কুক্কুটের কাছে চারি শিখিবে নিপুণ। ৬৪

প্রভূতমল্পকার্য্যম্বা যো নরঃ কর্ত্তুমিচ্ছতি।
সর্ব্বারম্ভেন তৎ কুর্য্যাৎ সিংহাদেকং প্রকীর্ত্তিতং॥

অল্প কিম্বা বহুকার্য্য করিতে যে চায়। উদ্যোগী যেমন সিংহ হবে তার প্রায়। ৬৫

সর্ব্বেন্দ্রিয়াণি সংযম্য বকবৎ পতিতো জনঃ।
কালদেশোপপন্নানি সর্ব্বকার্য্যাণি সাধয়েৎ॥ ৬৬

বকের সমান সর্ব্ব প্রকারে তৎপর। কাল দেশ বুঝি কর্ম্ম সাধিবেক নর। ৬৬

বহ্বাশী স্বল্পসন্তুষ্টঃ সুনিদ্রঃ শীঘ্রচেতনঃ।
প্রভুভক্তশ্চ শূরশ্চ জ্ঞাতব্যাঃ ষট্ শুনোগুণাঃ॥ ৬৭

অনেক আহার করে অল্পে তুষ্ট হয়। শীঘ্র নিদ্রা হয় আর শীঘ্র নিদ্রা ক্ষয়। প্রভুভক্ত আর যথাশক্তি পরাক্রম। কুক্কুরের ছয় গুণ শাস্ত্রের নিয়ম। ৬৭

অবিশ্রামং বহেদ্ভারং শীতোষ্ণঞ্চ ন বিন্দতি।

সসন্তোষস্তথা নিত্যং ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ॥ ৬৮

অবিরত বহে ভার শ্রান্ত নাহি হয়। উত্তাপেতে আর শীতে দুঃখবোধ নয়। সর্ব্বদা সন্তোষে থাকে গুণ এই তিন। গর্দ্দভের কাছে শিখি হইবা প্রবীণ। ৬৮

গূঢ়মৈথুনধর্ম্মঞ্চ কালে কালে চ সংগ্রহং।

অপ্রমাদমনালস্যং চতুঃ শিক্ষেত বায়সাৎ॥ ৬৯

গোপনে সঙ্গম করে নাহি দেখে কেহ। উপযুক্ত কালে করে খাদ্যের সংগ্রহ। সাবধান সর্ব্বদা আলস্য নাহি রাখে। কাকের এ চারি গুণ শিষ্টজন শিখে। ৭৯

যুদ্ধঞ্চ প্রাতরুত্থানং ভোজনং সহ বন্ধুভিঃ।

স্ত্রীয়মাপদ্গতাং রক্ষেচ্চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ।৭০

প্রত্যূষে চৈতন্য আর নৈপুণ্য যুদ্ধেতে। সমভাগ পূর্ব্বক আহার বন্ধু সাতে। প্রাণপণে রক্ষাকরে পত্নীকে সঙ্কটে। এই চারি গুণ শিখ কুক্কুট নিকটে। ৭০

কোঽতিভারঃ সমর্থানাং কিং দূরং ব্যবসায়িনাং।

কো বিদেশঃ সবিদ্যানাং কঃ পরঃ প্রিয়বাদিনাং।

কৃতি পুরুষের কোন্ কর্ম্ম অতি ভার। যে জন বাণিজ্য করে কি দূর তাহার। বিদ্যাবান জনের বিদেশ কোন্ দেশ। মিষ্টভাষি জনেরে কি অন্যে করে দ্বেষ। ৭১

আপদাং কথিতঃ পন্থা ইন্দ্রিয়াণামসংযমঃ।

তজ্জয়ঃ সম্পদাং মার্গো যেনেষ্টং তেন গম্যতাং।

আপদের পথ ইন্দ্রিয়ের অদমন। সম্পদের পথ এই ইন্দ্রিয় দমন। এইরূপ দুই পথ আছে বিদ্যমান। যে পথে গমন ইচ্ছা করহ প্রয়াণ। ৭২

ন চ বিদ্যাসমো বন্ধুর্ন চ ব্যাধি সমো রিপুঃ।
ন চাপত্যসমঃ স্নেহো ন চ দৈবাৎ পরং বলং।৭৩

বিদ্যার সমান বন্ধু নাহিক ভূতলে। ব্যাধির সদৃশ শত্রু কখন না মিলে। সন্তান সমান স্নেহ অন্যে নাহি হয়। দৈবের অধিক বল না দেখি নিশ্চয়। ৭৩

সমুদ্রাবরণা ভূমিঃ প্রাকারাবরণং গৃহং।
নরেন্দ্রাবরণা দেশাশ্চরিত্রাবরণাঃ স্ত্রিয়ঃ॥ ৭৪

আবরণ পয়োনিধি আছে পৃথিবীর। চতুর্দ্দিগে আবরণ ঘরের প্রাচীর। আবরণ দেশের প্রবল মহীপাল। সুস্ব-ভাব আবরণ স্ত্রীর সর্ব্বকাল। ৭৪

ঘৃতকুম্ভসমা নারী তপ্তাঙ্গারসমঃ পুমান্।
তস্মাদ্ঘৃতঞ্চ বহ্নিঞ্চ নৈকত্র স্থাপয়েদ্বুধঃ॥ ৭৫

ঘৃতকুম্ভ সমান যুবতী নারীজন। জ্বলন্ত অঙ্গার সম পুরুষ তেমন। সেই হেতু ঘৃত আর বহ্নি এক স্থান। না রাখিবে রাখিলে প্রমাদ বিদ্যমান। ৭৫

আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা।
ষড়্গুণো ব্যবসায়শ্চ কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ। ৭৬

আহার দ্বিগুণ স্ত্রীর চারি গুণ মতি। ব্যবসায় ছয় গুণ অষ্ট গুণ রতি। ৭৬

জীর্ণমন্নং প্রশংসীয়াৎ ভার্য্যাঞ্চ গতযৌবনাং।
রণাৎ প্রত্যাগতং শূরং শস্যঞ্চ গৃহমাগতং॥ ৭৭

প্রশংসিত সেই অন্ন যেই জীর্ণ পায়। নির্দ্দোষে যৌবন গেলে প্রতিষ্ঠা ভার্য্যায়। বীরের প্রশংসা হয় জিনিলে সমরে। সেই শস্য প্রশংসিত যদি আসে ঘরে। ৭৭

অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ সন্তুষ্টা ইব পার্থিবাঃ।
সলজ্জা গণিকা নষ্টা নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ॥ ৭৮

সন্তোষেতে রাজার যেমন হয় হ্রাস। অসন্তোষে ব্রাহ্মণের তেমনি বিনাশ। মানহীনা যেমন নির্লজ্জা কুলবতী। লজ্জাবতী বেশ্যার তেমনি ধনক্ষতি। ৭৮

অবংশপতিতো রাজা মূর্খস্য পুত্র পণ্ডিতঃ।
অধনেন ধনং প্রাপ্য তৃণবন্মন্যতে জগৎ॥ ৭৯

নিকৃষ্টের পুত্র যদি পায় রাজ্যভার। সুপণ্ডিত হয় যদি মূর্খের কুমার॥ নির্ধন পাইলে ধন করে অহঙ্কার। তৃণ সম জ্ঞান করে সকল সংসার॥ ৭৯

ব্রহ্মহাপি নরঃ পূজ্যো যস্যাস্তি বিপুলং ধনং।
শশিনস্তুল্যবংশোঽপি নির্দ্ধনঃ পরিভূয়তে॥ ৮০

ব্রহ্মহত্যা করে যদি অতি ধনবান। তথাপি তাহাকে করে সকলে সম্মান॥ চন্দ্র তুল্য শুদ্ধবংশে যাহার উদ্ভব। ধন না থাকিলে তার কে করে গৌরব॥ ৮০

পুস্তকস্থা তু যা বিদ্যা পরহস্তগতং ধনং।
কার্য্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা ন তদ্ধনং।৮১

পুস্তকে শিক্ষিত বিদ্যা মুখে নাহি আসে। ধন আছে বটে কিন্তু আছে পরবশে॥ অকস্মাৎ কার্য্য যদি হয় উপস্থিত। সে বিদ্যা সে ধনে কিছু নাহি করে হিত॥ ৮১

পাদপানাং ভয়ং বাতাৎ পদ্মানাংশিশিরাদ্ভয়ং।
পর্ব্বতানাং ভয়ং বজ্রাৎ সাধূনাংতুর্জ্জনাদ্ভয়ং॥

সকল বৃক্ষের ভয় প্রবল সমীর। পঙ্কজের ভয় ঋতু দুরন্ত শিশির। পৃথিবীতে বজ্রমাত্র পর্ব্বতের ভয়। সুজনের দুর্জ্জন হইতে ভয় হয়। ৮২

প্রাজ্ঞে নিযোজ্যমানে তু সন্তি রাজ্ঞস্ত্রয়ো গুণাঃ।
যশঃ স্বর্গনিবাসশ্চ বিপুলশ্চ ধনাগমঃ॥ ৮৩

রাজকর্ম্মে যদি হয় নিযুক্ত পণ্ডিত। রাজার এ তিন গুণ হয় উপার্জ্জিত। নিরুপম যশ আর অন্তে স্বর্গবাস। অতুল ঐশ্বর্য্য এই শাস্ত্রের আভাস। ৮৩

মূর্খে নিযোজ্যমানে তু ত্রয়ো দোষা মহীপতেঃ।
অযশশ্চার্থনাশশ্চ নরকে গমনং তথা। ৮৪

মূর্খেরে রাজ্যের ভার করিলে অর্পণ। এই এই তিন দোষ-ভাগী রাজা হন। অযশ অধর্ম্ম আর অর্থ নাশ হয়। অবি-চার করি মূর্খ রাজারে মজায়। ৮৪

বহুভির্মূর্খসংঘাতৈরন্যোন্যপশুবৃত্তিভিঃ।
প্রচ্ছাদ্যন্তে গুণাঃ সর্ব্বে মেঘৈরিব দিবাকরঃ॥৮৫

মূর্খ সব পরস্পর পশু ব্যবহার। তাহারা ঢাকিয়ে রাখে গুণ যে রাজার। যেমন নিবিড় মেঘে ঢাকে দিবাকর। মূর্খ হাতে সেইমত হন নৃপবর। ৮৫

যস্য ক্ষেত্রং নদীতীরে ভার্য্যা বাপি পরপ্রিয়া।
পুত্রস্য বিনয়ো নাস্তি মৃত্যুরেব ন সংশয়ঃ। ৮৬

নদীতীরে কৃষিকর্ম্ম করে যেই জন। ইতর পুরুষ প্রতি যার স্ত্রীর মন। পুত্রের বিনয় নাই সদা অবিনয়। মৃত্যুসম দুঃখ তার নাহিক সংশয়। ৮৬

অসম্ভব্যং ন বক্তব্যং প্রত্যক্ষমপি দৃশ্যতে।
শিলা তরতি পানীয়ং গীতং গায়তি বানরঃ।৮৭

অসম্ভব কথা না কহিবে কোন জন। প্রত্যক্ষতো যদ্যপি সে করে নিরীক্ষণ। জলেতে পাষাণ ভাসে কপি গীত গায়। রামায়ণ বিনা কোথা কে করে প্রত্যয়। ৮৭

সুভিক্ষং কৃষকে নিত্যং নিত্যং সুখমরোগিণি।
ভার্য্যা ভর্ত্তুঃপ্রিয়া যস্য তস্যানিত্যোৎসবংগৃহং॥

কৃষিকর্ম্ম যে করে সুভিক্ষ নিত্য তার। নিত্য নিত্য সুখ তার রোগ নাহি যার। মোনোনীতা প্রেয়সী যাহার ভার্য্যা হয়। মহোৎসবময় নিত্য তাহার আলয়। ৮৮

হেলা স্যাৎ কার্য্যনাশায় বুদ্ধিনাশায় নির্ধনং।
যাঞ্চা মাননাশায় কুলনাশায় ভোজনং॥ ৮৯

হেলাতে না হয় কোন কর্ম্ম সিদ্ধি ভাই। দরিদ্র হইলে তার বুদ্ধি থাকে নাই। যাচ্ঞা করিতে গেলে মান থাকে কিসে। কুলীনের কুল নষ্ট ভোজনের দোষে। ৮৯

সেবিতব্যো মহাবৃক্ষো ফলচ্ছায়াসমন্বিতঃ।
যদি দৈবাৎফলংনাস্তি ছায়াকেন নিবার্য্যতে॥ ৯০

ফলবান মহাবৃক্ষ ছায়াতে শোভিত। তাহারে আশ্রয় করা সেই সে উচিত। যদ্যপি তাহার ফল না মিলে দৈবাৎ। ছায়া পাইবার কোন না দেখি ব্যাঘাত। ৯০

প্রথমে নার্জিতা বিদ্যা দ্বিতীয়ে নার্জিতং ধনং।
তৃতীয়ে নার্জিতং পুণ্যং চতুর্থে কিংকরিষ্যতি॥ ৯১

প্রথম বয়সে বিদ্যা না করে অর্জ্জন। দ্বিতীয়েতে নাহি করে ধন উপার্জ্জন। তৃতীয়েতে নাহি করে পুণ্যের সঞ্চার। সে জন চতুর্থ কালে কি করিবে আর। ৯১

নদীকুলে চ যে বৃক্ষাঃ পর হস্তগতং ধনং।
কার্য্যং স্ত্রীগোচরো যৎস্যাৎ সর্ব্বং তদ্বিফলম্ভবেৎ।

নদী তীরে বৃক্ষ পরহস্তগত ধন। স্ত্রীলোকের হাতে কোন কার্য্য সমর্পণ। এ তিন বিফল হয় নাহিক সন্দেহ। অতএব তিন কর্ম্ম না করিবে কেহ। ৯২

কুদেশমাসাদ্য কুতোঽর্থসঞ্চয়ঃ, কুপুত্রমাসাদ্য কুতো জলাঞ্জলিঃ। কুগেহিনীং প্রাপ্য গৃহে কুতঃ সুখং, কুশিষ্যমধ্যাপয়তঃ কুতো যশঃ। ৯৩

কুদেশ ভ্রমিয়ে কোথা করে ধন আয়। কুপুত্র হইলে কোথা জলাঞ্জলি পায়। কুগৃহিণী হলে সুখ কোথা হয় ঘরে। পড়াইয়ে সুখ পায় কোথা কুশিষ্যেরে। ৯৩

কূপোদকং বটচ্ছায়া শ্যামা স্ত্রী ইষ্টকালয়ং।
শীতকালে ভবেদুষ্ণং গ্রীষ্মকালে চ শীতলং॥ ৪

কূপের উদক আর বটবৃক্ষচ্ছায়া। ইষ্টকরচিত গৃহ নারী শ্যামকায়া। এই চারি বস্তু উষ্ণ থাকে শীত কালে। উষ্ণ কালে শীত হয় লোক শাস্ত্রে বলে। ৯৪

বিষং চক্রমণং রাত্রৌ বিষং রাজ্ঞোঽনুকূলতা।
বিষং স্ত্রিয়োঽপ্যন্যহৃদো বিষং ব্যাধিরবীক্ষিতঃ॥

রাত্রিকালে পর্য্যটন বিষের সমান। অতি অনুকূল রাজা করি বিষজ্ঞান। অন্য পুরুষানুরক্তা ভার্য্যা বিষ হয়। ঔ-দাস্য করিলে রোগ হয় বিষময়। ৯৫

দূরধীতা বিষং বিদ্যা অজীর্ণে ভোজনং বিষং।
বিষং গোষ্ঠী দরিদ্রস্য বৃদ্ধস্য তরুণী বিষং॥ ৯৬

অভ্যাসরহিতা বিদ্যা বিষতুল্যা হয়। অজীর্ণ হইলে যে ভোজন বিষময়। বহু গোষ্ঠী দরিদ্রের বোধ হয় বিষ। বৃ-দ্ধের যুবতী ভার্য্যা বিষ অহর্নিশ॥ ৯৬

প্রদোষে নিহতঃ পন্থাঃ পতিতা নিহতাঃ স্ত্রিয়ঃ।
অল্পবীজং হতংক্ষেত্রংভৃত্যদোষে হতঃপ্রভুঃ॥৯৭

সন্ধ্যাকালে পথ হত হয় অন্ধকারে। দুষ্টশীলা নারী হলে হত বলি তারে। অল্পবীজ যদি বুনে ক্ষেত্র হয় হত। ভৃ-ত্যদোষে রাজা হত এই শাস্ত্র মত। ৯৭

হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধং হতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।
হতা রূপবতী বন্ধ্যা হতং সৈন্যমনায়কং॥ ৯৮

শ্রোত্রিয় যে শ্রাদ্ধে নাই সেই শ্রাদ্ধ হত। দক্ষিণাবিহীন যজ্ঞ হত সেই মত। তারে হত বলি রূপবতী বন্ধ্যা হলে। সেনাপতি বিনা সেনা হত রণস্থলে। ৯৮

বেদবেদাঙ্গতত্ত্বজ্ঞো জপহোমপরায়ণঃ।
আশীর্ব্বাদবচোযুক্ত এষ রাজপুরোহিতঃ॥ ৯৯

বেদেতে বেদান্তশাস্ত্রে যে জন বিদ্বান। যজ্ঞজপ হোম কর্ম্মে সদা ক্রিয়াবান্। আশীর্ব্বাদ করেন প্রত্যহ ভূপতির। তিনি রাজপুরোহিত পণ্ডিত সুধীর। ৯৯

কুলশীলগুণোপেতঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ।
প্রবীণঃ প্রেষণাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষো বিধীয়তে।১০০

কুলশীল গুণবান ধার্ম্মিক প্রবীণ। ধর্ম্মাধ্যক্ষ বলি তারে আলস্যবিহীন। ১০০

আয়ুর্ব্বেদকৃতাভ্যাসঃ সর্ব্বেষাং প্রিয়দর্শনঃ।
আর্য্যশীল গুণোপেত এষ বৈদ্যো বিধীয়তে।১০১

আয়ুর্ব্বেদে বিজ্ঞ অতি সুন্দর সুসাজ। সুশীল সুগুণবান্ রাজকবিরাজ। ১০১

সকৃদুক্তগৃহীতার্থো লঘুহস্তো জিতাক্ষরঃ।
সর্ব্বশাস্ত্রসমালোকী প্রকৃষ্টো নাম লেখকঃ।১০২

উচ্চারণমাত্রে অর্থ বোধ হয় যার। যে জন ত্বরিত লিখে জিতাক্ষর আর। থাকে যার সর্ব্বশাস্ত্রে সর্ব্বদা অভ্যাস। রাজার লেখক সেই যাহাতে বিশ্বাস। ১০২

সমস্তনীতিশাস্ত্রজ্ঞো বাহনে পূজিতাশ্রমঃ।
শৌর্য্যবীর্য্যগুণোপেতঃ সেনাধ্যক্ষো বিধীয়তে॥

নীতিশাস্ত্র সমূহে যে হয় ব্যাবসায়ি। অশ্বআরোহণে মান্য শ্রম বোধ নাই। শৌর্য্যবীর্য্য প্রভৃতি গুণেতে গুণপতি। সেনাপতি তাহাকে করিবে নরপতি। ১০৩

মেধাবী বাক্‌পটুঃ প্রাজ্ঞঃ পরচিত্তোপলক্ষকঃ।

ধীরো যথোক্তবাদী চ এষ দূতো বিধীয়তে। ১০৪

মেধাবান্ উপস্থিতবক্তা অতি স্থির। মনোবৃত্তি বুঝিতে পরের অতি ধীর। যথার্থ যে কহে কথা অন্যথা না হয়। রাজদূত বলি তারে নীতি শাস্ত্রে কয়। ১০৪

পুত্রপৌত্রগুণোপেতঃ শাস্ত্রজ্ঞো মিষ্টপাচকঃ।

শূরশ্চ কঠিনশ্চৈব সূপকারঃ স উচ্যতে॥ ১০৫

পুত্রপৌত্র থাকে যার আর থাকে গুণ। মিষ্টপাক করে পাক শাস্ত্রেতে নিপুণ। কঠিন স্বভাব পরাক্রম থাকে যার। সেই সে উচিত হয় পাচক রাজার। ১০৫

ইঙ্গিতাকারতত্ত্বজ্ঞো বলবান্ প্রিয়দর্শনঃ।

অপ্রমাদী সদা দক্ষঃ প্রতীহারঃ স উচ্যতে॥১০৬

ইঙ্গিতজ্ঞ চতুর সুন্দর বলবান। রাজার সে দ্বারী হয় সদা সাবধান। ১০৬

যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিং।

লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃকিং করিষ্যতি।১০৭

বুদ্ধি নাই যার তার শাস্ত্র কি করিবে। অন্ধেরে দর্পণ দিলে কি লাভ হইবে। ১০৭

কিং করিষ্যন্তি বক্তারঃ শ্রোতা যত্র ন বিদ্যতে।

নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি॥ ১০৮

কি করিবে বক্তা যদি শ্রোতা নাহি থাকে। উলঙ্গ সন্ন্যাসি দেশে কি করে রজকে। ১০৮

যস্য বিজ্ঞানমাত্রেণ নৃণাং প্রজ্ঞা প্রজায়তে।

শতমষ্টোত্তরং পদ্যং চাণক্যেন প্রযুজ্যতে।

যাতে হয় জ্ঞানবৃদ্ধি আর শুদ্ধ বাক্য। অষ্টোত্তর শত শ্লোক কহেন চাণক্য। সমাপ্ত।